

## ওভারিয়ান (ডিম্বাশয়ের) ক্যান্সারের উপসর্গগুলি সম্পর্কে চিন্তিত? Bengali version



ফেঁপে ওঠা পেট?  
সবসময় পেট ভর্তি অনুভব করেন?  
পেট ব্যথা?  
খুব বেশি প্রস্রাবের প্রয়োজন হয়?

## ওভারিয়ান (ডিম্বাশয়ের) ক্যান্সারের উপসর্গগুলি কি কি?

- স্থায়ী পেট ফাঁপা
- দ্রুত পেট ভর্তি এবং/অথবা কম ক্ষুধা অনুভব করা
- পেলভিক বা তলপেটে ব্যথা (এটা আপনার পেট এবং নীচের অংশ)
- পেশাব সংক্রান্ত উপসর্গ (খুব জরুরিভাবে প্রস্রাব করার প্রয়োজন হয় বা সাধারণের তুলনায় বেশি ঘন ঘন প্রস্রাব পায়)

মানুষের অন্যান্য উপসর্গও দেখা দিতে পারে:

- আল্ট্রিক অভ্যাসের পরিবর্তন (যেমন ডায়রিয়া বা কোষ্ঠকাঠিন্য)
- অত্যন্ত ক্লান্তি (খুব ক্লান্ত অনুভব করা)
- কারণ ছাড়াই ওজন হ্রাস

মেনোপজের পরে কোন রক্তপাত হলে সবসময় কোন ডাক্তারের (GP) মাধ্যমে পরীক্ষা করা উচিত।

## ওভারিয়ান (ডিম্বাশয়ের) ক্যান্সারের উপসর্গগুলো হল:

- **ঘন ঘন**-সাধারণত এগুলো মাসে 12 বারের বেশি হয়ে থাকে।
- **স্থায়ী**-এগুলো চলে যায় না।
- **নতুন**-এগুলো আপনার কাছে স্বাভাবিক নয় এবং গত বছরে শুরু হতে পারে।

## আপনি কী আপনার উপসর্গগুলো সম্পর্কে চিন্তিত?

যদি আপনি নিয়মিতভাবে এগুলোর মধ্যে এক বা একাধিক উপসর্গ অনুভব করেন, যা আপনার কাছে স্বাভাবিক নয়, তবে তা আপনার ডাক্তারকে দেখানো জরুরি। কোনো গুরুতর সমস্যার জন্য এটি হচ্ছে তা নাও হতে পারে, কিন্তু পরীক্ষা করিয়ে নেওয়া জরুরি।

## আপনার ডাক্তারের (GP) অ্যাপয়েন্টমেন্টের জন্য প্রস্তুত হন

- আমাদের বিনামূল্যের ওভারিয়ান ক্যান্সার সিম্পটোমস্ ডায়েরি ব্যবহার করে আপনার উপসর্গগুলোর উপর নজর রাখুন (ছাপানো বা অ্যাপ হিসাবে পাওয়া যাবে) :[targetovariancancer.org.uk/symptomsdiary](http://targetovariancancer.org.uk/symptomsdiary)
- পরিবারের ইতিহাস সম্পর্কে জানুন। যদি আপনার ঘনিষ্ঠ পরিবারের দুজন বা তার বেশি আত্মীয়ের ওভারিয়ান বা ব্রেস্ট ক্যান্সার হয়ে থাকে তবে তা আপনার ডাক্তারকে (GP) জানান।

## আপনার ডাক্তার (GP) কী পরীক্ষা করতে পারেন?

- যদি আপনার উপসর্গগুলো খুব ঘন ও স্থায়ী হয় তাহলে আপনার চিকিৎসক (GP) CA125 রক্তপরীক্ষা করতে বলবেন।
- তাঁরা আপনার পেটের বা ওভারির (ডিম্বাশয়ের) আল্ট্রাসাউন্ড স্ক্যান করতে বলতে পারেন।

## এরপর কী?

- পরবর্তী ধাপগুলো কী তা আপনার ডাক্তার (GP)-কে জিজ্ঞাসা করুন
- স্থির থাকুন! যদি আপনার উপসর্গগুলো চলে না যায় তবে ডাক্তারের (GP) কাছে আবার যান অথবা দ্বিতীয় মতামত চেয়ে নিন

## কোথায় আপনি আরো কিছু পেতে পারেন?

### Target Ovarian Cancer



2 Angel Gate, London EC1V 2PT



020 7923 5475



[info@targetovariancancer.org.uk](mailto:info@targetovariancancer.org.uk)



[targetovariancancer.org.uk](http://targetovariancancer.org.uk)



[facebook.com/TargetOvarianCancer](https://www.facebook.com/TargetOvarianCancer)



[@TargetOvarian](https://twitter.com/TargetOvarian)

এই তথ্যটি ইনফরমেশন স্ট্যান্ডার্ড স্কিম দ্বারা অনুমোদিত যাতে এটি সঠিক ও উচ্চ মানের তথ্য প্রদান করে।



সর্বশেষ পর্যালোচনা: জুন 2017

পরবর্তী পর্যালোচনা: মে 2020

©Target Ovarian Cancer 2017

Target Ovarian Cancer গ্যারান্টি দ্বারা সীমিত, ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত একটি কোম্পানি(নং. 6619981)। রেজিস্টার্ড

অফিস: 2 Angel Gate, London EC1V 2PT।

রেজিস্টার্ড চ্যারিটি নম্বর 1125038 (ইংল্যান্ড ও ওয়েলস) এবং SC042920 (স্কটল্যান্ড)।